



Embassy of the People's Republic of Bangladesh

11/B, Than Lwin Road, Kamayut Township, Yangon, Myanmar

Phone : 01-7515275, 01-7526144 Fax : 01-7515273 e-mail : mission.yangon@mofa.gov.bd

প্রেস রিলিজ

১৬ ডিসেম্বর ২০২০

বাংলাদেশ দূতাবাস, ইয়াঙ্গুনে বঙ্গবন্ধু কর্ণার উদ্বোধন ও মহান বিজয় দিবস ২০২০ পালন

যথাযথ মর্যাদার সাথে ও উৎসবমুখর পরিবেশে মিয়ানমারের ইয়াঙ্গুনস্থ বাংলাদেশ দূতাবাসে মহান বিজয় দিবস ২০২০ পালিত হয়েছে। মিয়ানমার সরকারের কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্যবিধি সম্পূর্ণভাবে প্রতিপালন করে বাংলাদেশ দূতাবাস বিজয় দিবসের অনুষ্ঠানসমূহ আয়োজন করে। বিজয়ের ৪৯তম বার্ষিকী উপলক্ষে আজ ১৬ ডিসেম্বর ২০২০ দূতাবাসে অনুষ্ঠিত কর্মসূচীসমূহের মধ্যে ছিল জাতীয় পতাকার আনুষ্ঠানিক উত্তোলন, জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ ও এক মিনিটের নীরবতা পালন, বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর স্থিরচিত্র প্রদর্শনী এবং মহান বিজয় দিবসের তাৎপর্য নিয়ে আলোচনাসভা। বিজয়ের আনন্দকে পূর্ণতা দিতে একই দিন বিকেলে অনুষ্ঠিত একটি পৃথক অনুষ্ঠানে বিদেশী কূটনীতিকদের উপস্থিতিতে দূতাবাসে স্থাপিত বঙ্গবন্ধু কর্ণারের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়।

মিয়ানমারে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব মঞ্জুরুল করিম খান চৌধুরী সকালে জাতীয় পতাকা আনুষ্ঠানিকভাবে উত্তোলন করে দিনের কর্মসূচীর সূচনা করেন। রাষ্ট্রদূত, দূতাবাসের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং ইয়াঙ্গুন প্রবাসী বাংলাদেশের নাগরিকগণ জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করেন এবং এক মিনিটের নীরবতা পালনের মাধ্যমে জাতির পিতা এবং বাংলাদেশের স্বাধীনতায়ুদ্ধে আত্মদানকারী সকল বীর শহীদের আত্মার প্রতি গভীর শ্রদ্ধা প্রদর্শন করেন। মহান বিজয় দিবস উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত দুইটি ভিডিও বার্তা সকলের অবগতির জন্য প্রদর্শিত হয়। দিবসটি উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী প্রদত্ত লিখিত বানীসমূহ পাঠ করেন দূতাবাসের কর্মকর্তাবৃন্দ। বিজয় দিবসের তাৎপর্যের উপর অনুষ্ঠিত আলোচনায় দূতাবাসের কর্মকর্তাসহ সভায় উপস্থিত প্রবাসী বাংলাদেশীগণ স্বতস্কৃতভাবে অংশগ্রহণ করেন। আলোচনায় অংশগ্রহণকারীগণ বঙ্গবন্ধুর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন এবং মহান মুক্তিযুদ্ধে জীবন উৎসর্গকারীসহ সকল বীর মুক্তিযোদ্ধা, মুক্তিযুদ্ধের রাজনৈতিক নেতৃত্ব, দুই লক্ষাধিক বীরসঙ্গা এবং মুক্তিযুদ্ধে অবদান রাখা সকলের প্রতি গভীর শ্রদ্ধা ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। রাষ্ট্রদূত তাঁর বক্তব্যে স্বাধীন বাংলাদেশের রূপকার ও স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন, বঙ্গবন্ধুর দীর্ঘ রাজনৈতিক জীবনের বিভিন্ন দিক এবং স্বাধীন বাংলাদেশ সৃষ্টিতে বঙ্গবন্ধুর অনন্যসাধারণ নেতৃত্ব ও অসামান্য অবদানের উপর আলোকপাত করেন। তিনি মহান মুক্তিযুদ্ধে অবদান রাখা সকল বীর মুক্তিযোদ্ধাসহ





Embassy of the People's Republic of Bangladesh

11/B, Than Lwin Road, Kamayut Township, Yangon, Myanmar

Phone : 01-7515275, 01-7526144 Fax : 01-7515273 e-mail : mission.yangon@mofa.gov.bd

সকল বাঙ্গালীর অবদান কৃতজ্ঞতার সাথে স্মরণ করেন। রাষ্ট্রদূত বিজয় দিবসের তাৎপর্য উপলব্ধি ও হৃদয়ে ধারণ এবং স্বাধীনতাবিরোধী সকল অপশক্তিকে রুখে দিতে এক হয়ে কাজ করার জন্য সকলকে প্রতি আহ্বান জানান।

বিকেলে আয়োজিত পৃথক একটি অনুষ্ঠানে বাংলাদেশ দূতাবাস, ইয়াঙ্গুনে স্থাপিত 'বঙ্গবন্ধু কর্ণার' আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন বাংলাদেশের রাষ্ট্রদূত এবং কূটনৈতিক কোরের ডীন। উল্লেখ্য, মিয়ানমার সরকারের কোভিড-১৯ সংক্রান্ত কঠোর নিষেধাজ্ঞার কারণে 'বঙ্গবন্ধু কর্ণার'- এর আনুষ্ঠানিক উদ্বোধন কয়েকমাস পিছিয়ে যায়। এ সময়ে মিয়ানমারে নিযুক্ত প্রতিবেশী দেশসমূহের রাষ্ট্রদূত, কূটনীতিকগণ এবং প্রবাসী বাংলাদেশীগণ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, মিয়ানমার সরকারের কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্যবিধির কারণে অনুষ্ঠানে সীমিত সংখ্যক অতিথিকে আমন্ত্রণ জানানো হয়। আনুষ্ঠানিকভাবে উদ্বোধনের পর আমন্ত্রিত অতিথিরা বঙ্গবন্ধু কর্ণারটি ঘুরে দেখেন। এরপর সংক্ষিপ্ত একটি অনুষ্ঠানে বাংলাদেশের রাষ্ট্রদূত জাতির জনক বঙ্গবন্ধুর কর্মময় জীবনের বিভিন্ন দিকের উপর আলোকপাত করেন এবং দূতাবাসে 'বঙ্গবন্ধু কর্ণার' প্রতিষ্ঠা করার উদ্দেশ্য ব্যাখ্যা করেন। তিনি উল্লেখ করেন বঙ্গবন্ধু ও বাংলাদেশ সমার্থক। মিয়ানমারে বঙ্গবন্ধু ও বাংলাদেশকে সঠিকভাবে তুলে ধরার লক্ষ্যে 'বঙ্গবন্ধু কর্ণার' অবদান রাখবে। বাংলাদেশের চলমান আর্থ-সামাজিক উন্নয়নের কয়েকটি দিক তুলে ধরে রাষ্ট্রদূত উল্লেখ করেন যে, জাতির জনকের স্বপ্নের সোনার বাংলা গড়ার লক্ষ্যে তাঁর প্রদর্শিত পথে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশ দ্রুত এগিয়ে যাচ্ছে। বাংলাদেশের সাফল্য ও অর্জন তুলে ধরে দেশের ভাবমূর্তি উন্নয়নে 'বঙ্গবন্ধু কর্ণার' ভূমিকা রাখবে।

